তারিখ ... 18 MAY 2003
পৃষ্ঠা ... 2 কলাম ... 2

দৈনিক জনকণ্ঠ

# পাবলিক পরীক্ষায় ফল বিপর্যয়ের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য ‘সমীক্ষা দল’ গঠনের নির্দেশ

মনির হায়দার

পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল মূল্যায়ন, এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তি বহাল রাখা-না রাখার বিষয়ে সুপারিশ করার জন্য এবার গঠন করা হচ্ছে 'সমীক্ষা দল' নামের একটি নতুন কমিটি। এই কমিটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাবলিক পরীক্ষার ফলাফল নিবিড়ভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন করে সেই আলোকে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সরকারী অনুদান বহাল রাখা, কমিয়ে দেয়া বা প্রত্যাহারের সুপারিশ করবে। অবিলম্বে এ ধরনের একটি সমীক্ষা দল গঠনের জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শনিবার শিক্ষামন্ত্রীকে নির্দেশ দিয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, পাবলিক পরীক্ষার ফলাফল মূল্যায়নের জন্য প্রস্তাবিত সমীক্ষা দলে বুদ্ধিজীবি, সাংবাদিক, প্রাক্তন শিক্ষক, সমাজসেবী এবং বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিদের অন্তর্ভুক্ত রাখার জন্য নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। সে অনুযায়ী শনিবার বিকাল থেকেই সমীক্ষা দল গঠনের লক্ষ্যে তোড়জোড় শুরু হয়েছে শিক্ষা মন্ত্রণালয়ে।

প্রসঙ্গত উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ওপর অধিকতর নিয়ন্ত্রণ আরোপের লক্ষ্যে সরকার ইতোপূর্বে দেশব্যাপী জেলা ও উপজেলা পর্যায়ে 'শিক্ষা উন্নয়ন কমিটি' গঠন করেছে। তবে বেসরকারী শিক্ষকদের বিভিন্ন সংগঠন সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে এরই মধ্যে আন্দোলনে নেমেছে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে শনিবার দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এক ঘণ্টার কর্মবিরতি পালন করেছে। এ অবস্থায়ই এখন আবার পাবলিক পরীক্ষার ফলাফল মূল্যায়নে সমীক্ষা দল গঠনের উদ্যোগ নেয়া হলো।